দৈনিক বাংলা

তারিখ ... 31-OCT 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

120

42

কমনওয়েলথ সম্মেলনে ভাষণ

# শিক্ষার গুণগত উৎকর্ষ সময়ের দাবী : কাজী জাফর

বার্বাডোজ, ৩০শে অক্টোবর।– প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, শিক্ষার মৌলিক গুণগত উৎকর্ষের জন্য উপযুক্ত পদ্ধতি ও কৌশল উদ্ভাবন সময়ের একটি বড় দাবী। উচ্চ শিক্ষাই হোক আর কারিগরি বা বিজ্ঞান ও

(শেষ পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর) **কাজী জাফর**

প্রযুক্তিগত শিক্ষাই হোক এ ব্যাপারে কমনওয়েলথ দেশগুলো যৌথভাবে অত্যন্ত মূল্যবান অবদান রাখতে পারে।

তিনি গতকাল এখানে ফ্র্যাঙ্ক কলিমোর হলে একাদশ কমনওয়েলথ শিক্ষামন্ত্রী সম্মেলনে বার্বাডোজের প্রধানমন্ত্রী এল ই স্যান্ডিফোর্ডের উদ্বোধনী ভাষণের জবাবে অংশগ্রহণকারী মন্ত্রী ও প্রতিনিধিদলগুলোর প্রধানদের পক্ষে ভাষণ দিচ্ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানে কমনওয়েলথ মহাসচিব এমেকা এনাই-ওকুও বক্তৃতা করেন। ওয়েষ্ট ইন্ডিজের বার্বাডোজে ২৯ অক্টোবর থেকে ২ নবেম্বর পর্যন্ত চারদিনের এই সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। খবর তথ্য বিবরণীর।

কাজী জাফর আহমদ সমকালীন বিশ্ব পরিস্থিতি প্রসঙ্গে বলেন, একদিকে আমরা প্রত্যক্ষ করছি উদ্বেগের অবসান ও অন্যদিকে জবর দখল এবং বর্ণ ও নৃতাত্ত্বিক বৈষম্য। তিনি আশা প্রকাশ করেন, কমনওয়েলথ এর মাঝেও শান্তি, অগ্রগতি ও উন্নয়নের পক্ষে ভূমিকা রাখতে সক্ষম হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন যে, সদস্য জাতিগুলোর মধ্যে শিক্ষার বিনিময় ও সাংস্কৃতিক বন্ধন দৃঢ় করতে কমনওয়েলথ আগামী দিনগুলোতে বিভিন্নমুখী পদক্ষেপ নেবে।